দৈনিক বাংলা

13

তারিখ 21 JAN 1995
পৃষ্ঠা ৪ কলাম ৬

বিজ্ঞান ভার্সিটি উদ্বোধন

# উন্নয়নের জন্য প্রযুক্তিজ্ঞান প্রয়োজন ঃ প্রেসিডেন্ট

চট্টগ্রাম, ২০ জানুয়ারী (বাসস)।– প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস, ভবিষ্যৎ প্রজন্মের স্বার্থের কথা বিবেচনা করে বিজ্ঞান ও প্রযুক্তিগত জ্ঞান অর্জন ও তা কাজে লাগানোর আহ্বান জানান।

তিনি বর্তমান সময়কে প্রযুক্তির যুগ বলে অভিহিত করে বলেন, প্রযুক্তি ছাড়া কোন টেকসই উন্নয়ন অসম্ভব।

শুক্রবার বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হাসপাতাল উদ্বোধনকালে প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস একথা বলেন।

ব্যক্তিমালিকানা খাতে এটা একমাত্র কারিগরি বিশ্ববিদ্যালয়। তিনি বিশ্ববিদ্যালয় চত্বরে সাসাকাওয়া কেন্দ্রীয় লাইব্রেরীর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

জাতীয় অধ্যাপক ও বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা নূরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন মৎস্য ও পশুসম্পদমন্ত্রী আবদুল্লাহ আল-নোমান, আমির খসরু মাহমুদ চৌধুরী এমপি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর মোহাম্মদ আলী, মিঃ সুমুকী তানাকা, ডঃ বাশোরা নিচিগাসী ও সিন্ডিকেট সদস্য এম এ সালাম।

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস বলেন, আমরা বিংশ শতাব্দী শেষ করতে চলেছি। আর্থ–সামাজিক উন্নয়ন এবং জনকল্যাণের জন্য আমাদের অবশ্যই বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়ন ঘটাতে হবে।

তিনি বলেন, সরকার দেশের সার্বিক স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য–শিক্ষার উন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রেখেছে। দেশের বিদ্যমান ৮টি মেডিক্যাল কলেজকে আধুনিকায়ন ছাড়াও নতুন ৫টি মেডিক্যাল কলেজ স্থাপন করা হয়েছে। এগুলো খুলনা, দিনাজপুর, বগুড়া, ফরিদপুর ও কুমিল্লায় অবস্থিত। এ ছাড়া ব্যক্তিমালিকানাধীন আরও ৫টি মেডিক্যাল কলেজ বিভিন্ন পর্যায়ে রয়েছে বলে তিনি উল্লেখ করেন।

প্রেসিডেন্ট বলেন, 'মেডিক্যাল হাসপাতাল ও জেলা হাসপাতালগুলোতে অভিজ্ঞ চিকিৎসক নিয়োগ ও আধুনিকায়নের মাধ্যমে চিকিৎসা সুবিধা সম্প্রসারণ করা হবে।

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস টোকিও বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্যনীতি ও পরিকল্পনা বিভাগের সঙ্গে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের কথা উল্লেখ করে বলেন, এতে দেশের বিভিন্ন স্থানে চিকিৎসাবিদ্যা অধ্যয়নের সুযোগ সৃষ্টি হবে।

অধ্যাপক নূরুল ইসলাম বিশ্ববিদ্যালয় স্থাপনের পটভূমি তুলে ধরেন।